

## আপনি জানেন কি?

- প্রতি বছর, পিপিও হাজার হাজার কারাবন্দির অভিযোগ নিয়ে কাজ করে।
- এই অভিযোগের প্রেক্ষিতে, গত বছর পিপিও কারাগারগুলোর উদ্দেশ্যে প্রায় এক হাজার সুপারিশ করেছে।
- আমাদের তদন্তের ফলাফল সমস্ত দেশ জুড়ে কারাগারগুলোকে বন্দিদের জন্য অধিকতর সুষ্ঠু ও নিরাপদ করে তোলে।

"আমি, এবং নিশ্চয় আরও অনেক বন্দি, ভাগ্যবান যে আমাদের একটি স্বাধীন সংস্থা আছে যার কাছে সাহায্যের জন্য যেতে পারি। আপনাকে ধন্যবাদ।"

প্রিজনার এ,  
HMP Northumberland.

## পিপিও সম্পর্কে সত্যটি কি

- আমরা প্রিসন সার্ভিসের জন্য কাজ করি না, আমরা এনওএমএসের জন্য কাজ করি না। পিপিও সম্পূর্ণ স্বাধীন।
- কারাগার আপনার অভিযোগ পড়বে না এবং তা আপনার বিরুদ্ধে ব্যবহৃত হবে না।
- প্রতি বছর কারাবন্দিদের কাছ থেকে আমরা হাজার হাজার অভিযোগ পাই। আমরা আপনারটাও পাবো।
- যদি আমরা আপনার অভিযোগের সাথে একমত হই, তাহলে আপনার কাছে ক্ষমা চাওয়া হতে পারে; আপনাকে ক্ষতিপূরণ দেওয়া হতে পারে; এমনকি কারাগারের কাজের ধারায় পরিবর্তনও আনা হতে পারে।
- আমরা আপনার অভিযোগ পাওয়ার ১০ দিনের মধ্যে উত্তর দিতে চেষ্টা করি।

ঠিক আছে, তাহলে আমি কি সম্পর্কে অভিযোগ করতে পারবো?

## আপনি কি কি অভিযোগ করতে

আপনার প্রতি কর্মচারীদের ব্যবহার থেকে শুরু করে আপনার হারিয়ে যাওয়া সম্পত্তি পর্যন্ত নানা বিষয়ে আপনি পিপিও বরাবর অভিযোগ করতে পারেন।

তবে, কিছু কিছু বিষয় আছে যা আমরা তদন্ত করতে পারবো না:

- প্যারোল বোর্ডের সিদ্ধান্ত।
- চিকিৎসাসেবা সম্পর্কে অভিযোগ।
- সাধারণ নিয়ম হিসাবে, আপনার মূল অভিযোগ সম্পর্কে কারাগার থেকে চূড়ান্ত উত্তর পাওয়ার পর ৩ মাসের বেশি অতিক্রান্ত হলে।
- অভিযোগটি অবশ্যই আপনার সাথে ঘটা কোনো বিষয়ে হতে হবে, অন্য কারো ঘটনা প্রসঙ্গে নয়।

# কিভাবে অভিযোগ করতে হবে

তাহলে, আমি কিভাবে পিপিও বরাবর অভিযোগ করতে পারি?

নিশ্চিত করুন যাতে আপনি তিনটি সহজ পদক্ষেপ অনুসরণ করেন। যদি না করেন, সেক্ষেত্রে তারা তদন্ত করতে পারবে না।

- 1 প্রথমে নিশ্চিত হয়ে নিন যে আপনি কারাগারের অভিযোগ প্রক্রিয়াটি সম্পূর্ণরূপে পড়েছেন/ জেনেছেন।
- 2 আপনার অভিযোগের বিষয় এবং কেন আপনি এখনও নাথোশ, সে ব্যাপারে একটি সংক্ষিপ্ত নোট লিখে আমাদের জানান।
- 3 আপনার সব কাগজপত্র আমাদেরকে পাঠান – কারাগারের সব অভিযোগ ফর্মসহ।

# কোথায় পাঠাবেন আপনার অভিযোগ

আমার সব কাগজপত্র কোথায় পাঠাবো?

আপনার অভিযোগের সব কাগজপত্র এই ঠিকানায় পাঠান:

Prisons and Probation Ombudsman  
PO Box 70769  
London  
SE1P 4XY

বিনামূল্যে ওস্বাডসম্যান বরাবর চিঠি পাঠান।

“এই তদন্ত সম্পাদনের জন্য যে সময় ও শ্রম দিয়েছেন সেজন্য ধন্যবাদ, এটা অত্যন্ত প্রশংসনীয়।”

প্রিজনার বি,  
HMP Kennet

Prisons &  
Probation  
Ombudsman  
Independent Investigations

কিভাবে ওস্বাডসম্যান বরাবর অভিযোগ করতে হবে

